# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 26 June, 2025

মেহেরপুরের গাংনী উপজেলার নওদা মটমুড়া গ্রামে স্থানীয় বিএনপি কার্যালয়ের সামনে থেকে দুটি বোমা সদৃশ্য বস্তু ও একটি চিরকুট উদ্ধার করেছে পুলিশ।বৃহস্পতিবার (২৭ জুন) সকাল ৭টার দিকে গাংনী থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে বস্তুগুলো উদ্ধার করে।

স্থানীয়রা জানান, সকালে নওদা বাজারে বিএনপি অফিসের সামনে লাল ও কালো টেপে মোড়ানো দুইটি বোমার মতো বস্তু পড়ে থাকতে দেখেন তারা।বিষয়টি চোখে পড়ার পরপরই এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।পরে তারা পুলিশকে খবর দেন।

গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) আব্দুল করিম বলেন, “খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে আমরা দুটি বোমা সদৃশ্য বস্তু ও একটি চিরকুট উদ্ধার করি।চিরকুটে লেখা ছিল–‘শেখ হাসিনা পালিয়ে গেছে তো কী হয়েছে? জায়গার মাল জায়গাতেই বসে আছি।ভবিষ্যতে ক্ষমতা পেলে ফিলিস্তিনের মত হবে’–সহ উসকানিমূলক কিছু মন্তব্য।”

তিনি আরও বলেন, “বস্তু দুটি ও চিরকুট থানায় নেওয়া হয়েছে।বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।”

পুলিশের পক্ষ থেকে ধারণা করা হচ্ছে, উদ্দেশ্যমূলকভাবে আতঙ্ক তৈরি করতে কেউ এই বস্তুগুলো ফেলে রেখে গেছে। তবে এটি বাস্তব বোমা কি না, তা পরীক্ষার জন্য বোমা নিষ্ক্রিয়কারী দলকে অবহিত করা হয়েছে।

বিএনপি চিরকুট উদ্ধার বোমা মেহেরপুর গাংনী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 19:07

URL: https://timestodaybd.com/politics/3728775807